

# **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৬৯৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫১১]

২২। क्य-विक्य (کتاب البیوع)

পরিচ্ছেদঃ ১. মুলামাসাহা ও মুনাবাযাহ শ্রেণীর ক্রয়-বিক্রয় বাতিল

باب إِبْطَالِ بَيْعِ الْمُلاَمَسَةِ وَالْمُنَابَذَةِ

#### আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، قَالَ قَرَأْتُ عَلَى مَالِكٍ عَنْ مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ، حَبَّانَ عَنِ الأَّعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم نَهَى عَنِ الْمُلاَمَسَةِ وَالْمُنَابَذَةِ .

#### বাংলা

৩৬৯৩-(১/১৫১১) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া তামীমী (রহঃ) ..... আবূ হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুলামাসাহ ও মুনাবাযাহ শ্রেণীর ক্রয়-বিক্রয় বারণ করেছেন। (ইসলামিক ফাউন্ডেশন ৩৬৫৯, ইসলামিক সেন্টার ৩৬৫৯)

## **English**

Abu Huraira (Allah be pleased with him) reported that Allah's Messenger (ﷺ) forbade (two types of transactions) Mulamasa and Munabadha

## ফুটনোট

### মুলামাসাহ' ও মুনাবাযাহ

ইমাম নববী (রহঃ) বলেনঃ মুলামাসাহ হলো এমনতর বেচাকেনা যে, বিক্রেতা ক্রেতাকে বলবে তুমি এটা স্পর্শ করলেই তা তোমার হাতে কেনা সাব্যস্ত হয়ে যাবে। অথবা তুমি স্পর্শ করলে তোমার কেনাকেটার ইচ্ছা স্বাধীনতা থাকবে না ইত্যাদি।

মুনাবাযাহ হল ক্রেতা কোন দ্রব্য সামগ্রির উপর কাপড় বা কঙ্কর নিক্ষেপ করলেই তা ক্রয় বলে সাবস্ত্য হয়ে যাবে।



তাতে ক্রেতার আর ক্রয়ের ক্ষেত্রে স্বাধীনতা থাকবে না। (সহীহ মুসলিম- শরহে নাবী, ২য় খণ্ড, ২ পূঃ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন